**M.A 3rd Semester Examination – 2019**

**BENGALI**

**PAPER : BNG – 301**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

## বিভাগ - ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x২

১) স্বর্ণকুমারী দেবীর প্রথম উপন্যাসসহ অন্য যে কোনো একটি উপন্যাসের নাম ও প্রকাশকাল উল্লেখ করো ।

২) আখতারউজ্জামান ইলিয়াসের দুটি উপন্যাসের নাম ও প্রকাশকাল উল্লেখ করো ।

৩) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে মোট কতবার উইল পরিবর্তন হয়েছে ?

৪) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কোন্ বিশেষ সামাজিক সমস্যার প্রসঙ্গ পাই ? এই সামাজিক সমস্যাকে অবলম্বন করে বঙ্কিমচন্দ্র-রচিত আর একটি উপন্যাসের নাম লেখো ।

৫) 'পথের পাঁচালী' উপন্যাসটি কবে কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?

৬) 'পথের পাঁচালী' উপন্যাসটি মোট কয়টি খণ্ডে বিভক্ত ? খণ্ড গুলির নাম লেখো ।

৭) 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসটি কোন্ পত্রিকায় কবে প্রকাশিত হয়েছিল ? গ্রন্থাকারে এটির প্রকাশকাল কত ?

৮) দীনতারিণী, ভুবনেশ্বরী ও এলোকেশী - এই তিনজনের সঙ্গে সত্যবতীর সম্পর্ক নির্দেশ করো ।

## বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৪

৯) মহাশ্বেতাদেবীর উপন্যাসের চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।

১০) 'গঙ্গা', 'শেকলছেঁড়া হাতের খোঁজে', 'টানাপোড়েন', 'বিবর' - উপন্যাসগুলির ঔপন্যাসিক ও রচনাকালের নাম লেখো ।

১১) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে হরলাল-এর গুরুত্ব বিশ্লেষণ করো ।

১২) 'তোমার যদি কোন বিষয়ে কষ্ট থাকে , তবে আজি হউক, কালি হউক, আমাকে জানাইও ।' - কে কাকে কোন্ প্রসঙ্গে একথা বলেছে ?

১৩) 'পথের পাঁচালী' উপন্যাসে দুর্গা চরিত্রের গুরুত্ব বিশ্লেষণ করো ।

১৪) 'পথের পাঁচালী' উপন্যাসে 'বল্লালী বালাই' খণ্ডের কাহিনীগত তাৎপর্য আলোচনা করো ।

১৫) শঙ্করীর কাহিনী 'প্রথম প্রতিশ্রুতি' উপন্যাসে কোন্ তাৎপর্য বহন করে, তা আলোচনা করো ।

১৬) 'সেঁজুতি ব্রত' প্রসঙ্গটির উপন্যাসগত তাৎপর্য বিশ্লেষণ করো ।

## বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x৮

১৭) বাংলা উপন্যাসে পিকারেস্কধর্মী উপন্যাস রচনায় শরৎচন্দ্রের কৃতিত্ব আলোচনা করো ।

১৮)'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে রোহিনীর পরিণতি কতদূর শিল্পসার্থকতা অর্জন করেছে তা আলোচনা করো ।

১৯) 'পথের পাঁচালী' উপন্যাসের নামকরণের শিল্প সার্থকতা আলোচনা করো ।

২০) 'প্রথম প্রতিশ্রুতি'উপন্যাসের প্রধান চরিত্র হিসাবে সত্যবতীর শিল্প সার্থকতার স্বরূপ বিশ্লেষণ করো ।

*VU/Sitananda/M.A/BNG -301/Sem-3/19*

..........................................

Scanned with CamScanner

**M.A 3rd Semester Examination – 2019**

**BENGALI**

**PAPER : BNG – 302**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

বিভাগ - ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x২

১) জগদীশ গুপ্তের ছোটগল্পের চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।

২) জ্যোতিরিন্দ্র নন্দী রচিত চারটি গল্পের নাম লেখো ।

৩) বিমল কর সম্পাদিত ছোটগল্প বিষয়ক সাময়িক পত্রটির নাম লেখো । এর প্রথম সংখ্যার প্রকাশকাল লেখো ।

৪) প্রেমেন্দ্র মিত্র রচিত প্রথম ছোটগল্পটির নাম ও প্রকাশকাল লেখো ।

৫) ''জঙ্গলের মধ্য দিয়ে উর্দ্ধশ্বাসে ছুটে চলেছে সে ।'' - কে, কেন ছুটে চলেছে ?

৬) পরশুরামের প্রকাশকাল সহ দুটি গল্প গ্রন্থের নাম লেখো ।

৭) 'সদ্‌গতি' গল্পটির সঙ্গে বাংলার কোন্ লেখকের কোন্ গল্পটি তুলনীয় ?

৮) ও হেনরীর প্রকৃত নাম কী ? তোমার পাঠ্য ব্যতীত তাঁর একটি বিখ্যাত ছোটগল্পের নাম লেখো ।

বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৪

৯) নরেন্দ্রনাথ মিত্রের ছোটগল্পের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে আলোচনা করো ।

১০) 'চরিত্র চিত্রশালা' কথাটি কে, কার ছোটগল্প সম্বন্ধে বলেছেন ? এই রূপ বলবার কারণ কী ?

১১) ''ডাইনী' গল্পের পটভূমি রচনাতেই লেখক এক অগ্নিময় তৃষ্ণাকে প্রতিষ্ঠা করেছেন ।'' - আলোচ্য মন্তব্যের আলোকে 'ছাতিফাটা' মাঠের তৃষ্ণার সাথে ডাইনীর তৃষ্ণার সাদৃশ্য দেখাও ।

১২) ও হেনরী রচিত 'দি গিফট অব দি মেজাই' গল্পের নায়ক নয়িকার উপহারকে 'গিফট অব মেজাই' বলবার কারণ কী ?

১৩) মহাশ্বেতা দেবীর ছোটগল্পের বিশিষ্টতার দিকগুলি সংক্ষেপে লেখো ।

১৪) বিমল কর রচিত 'জননী' গল্পের জননীকে তাঁর সন্তানেরা কে কী দিতে চেয়েছে ?

১৫) 'ডেথ অব এ ক্লার্ক'(কেরানীর মৃত্যু) গল্পটির অন্তর্নিহিত বক্তব্য কী - সংক্ষেপে লেখো ।

১৬) সঠিক ক্রমে সাজাও -

| | | |
|---|---|---|
| প্রেমেন্দ্র মিত্র | - | ৬ নং ওয়ার্ড |
| নারায়ণ গঙ্গোপাধ্যায় | - | শকুন |
| সমরেশ বসু | - | টোপ |
| গি দ্য মোপাসাঁ | - | শুধু কেরানী |
| সুবোধ ঘোষ | - | ম্যাদামজেল ফিফি |
| প্রেমচন্দ মুন্সী | - | ফসিল |
| আন্তন চেকভ | - | শতরঞ্জ কে খিলাড়ি |
| হাসান আজিজুল হক | - | আদাব |

বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x৮

১৭) ''ঠিক সেই সময় মাথার উপর দিয়া একটা এরোপ্লেন উড়িয়া যাইতেছিল । দেখিতে দেখিতে সেটা সুন্দরবনের উপরে পৌঁছিয়া গেল । মানুষের সঙ্গ ত্যাগ করিয়া বনের পশুরা যেখানে আশ্রয় লইয়াছে।'' - আলোচ্য মন্তব্যটি 'সরীসৃপ' গল্পের কাহিনী ও চরিত্রগুলিকে কিভাবে তাৎপর্যমন্ডিত করেছে তা সংক্ষেপে আলোচনা করো ।

১৮)হাস্যরসাত্মক গল্পকার হিসেবে প্রভাতকুমার মুখোপাধ্যায়ের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো ।

১৯) কৃষণ চন্দর 'পেশোয়ার এক্সপ্রেস' গল্পে মানবিকতার অবমাননার বীভৎস চিত্র অঙ্কনের পাশাপাশি জীবনের আলোকিত চিত্রের যে ছবি এঁকেছেন তার পরিচয় দাও ।

২০) 'শানাবাউরির কথকতা' গল্পে শানাবাউরির অসহায়তা ও প্রতিবাদের দিকগুলি সমাজবাস্তবতার আলোকে ব্যাখ্যা করো ।



Scanned with CamScanner

**M.A 3rd Semester Examination – 2019**

**BENGALI**

**PAPER : BNG – 303**

Full Marks : 40 Time : 2 hours

**The figures in the right-hand margin indicate full marks.**

Candidates are required to give their answers in their own words as far as practicable.

বিভাগ - ক

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x২

১) 'বিয়ে পাগলা বুড়ো' রচনাটি কি জাতীয় ? এর প্রকাশকাল লেখো ।

২) গিরিশচন্দ্র ঘোষ প্রবর্তিত ছন্দের উল্লেখ করে নাটকে তার উপযোগিতার দিকটি উল্লেখ করো । ।

৩) 'বুড় শালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির কয়টি অঙ্ক ও কয়টি গর্ভাঙ্ক ?

৪) জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুরের দুটি অনুবাদ নাটকের নাম ও সেগুলির উৎস উল্লেখ করো ।

৫) 'জনা' নাটকে বিদুষক চরিত্রের দুটি বৈশিষ্ট্য লেখো ।

৬) ''নাহি অন্য বাসনা আমার / যেন অন্তকালে গঙ্গাজলে / ত্যাজি প্রাণবায়ু ।'' - বক্তা কে ? উক্তিটির উৎস নির্দেশ করো ।

৭) 'নবান্ন' নাটকটি প্রথমে কবে কোন্ মঞ্চে অভিনীত হয় ? নাটকটি কাকে উৎসর্গ করা হয়েছে ?

৮) ''য়্যা, রক্ত! রক্ত! খুন করে ফেললাম ।'' - উক্তিটি কার ? কে কাকে খুন করে ফেলেছে ?

বিভাগ - খ

যে কোন চারটি প্রশ্নের উত্তর দাও - ৪x৪

৯) ঐতিহাসিক নাটক রচনায় দ্বিজেন্দ্রলাল রায়ের জনপ্রিয়তার কারণ সংক্ষেপে আলোচনা করো ।

১০) 'শিহরে কদম্ব ফুল দাড়িম্ব বিদরে' - প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো ।

১১) 'আদি নাটক রচয়িতা হিসেবে রামনারায়ণ তর্করত্নের কৃতিত্ব পর্যালোচনা করো ।

১২) 'বুড় শালিকের ঘাড়ে রোঁ' প্রহসনটির চারটি বৈশিষ্ট্য উল্লেখ করো ।

১৩) 'জনা' নাটকে মদনমঞ্জরী চরিত্রের উপযোগিতা সংক্ষেপে বিচার করো ।

১৪) 'জনা' নাটকে বাঙালিয়ানার বৈশিষ্ট্য গুলি আলোচনা করো ।

১৫) 'নবান্ন' নাটকে সংযোজিত শেষ গানটির নাট্য তাৎপর্য বিচার করো ।

১৬) 'নবান্ন' নাটকে উল্লিখিত দুই ফটোগ্রাফার চরিত্রের ভূমিকা সংক্ষেপে আলোচনা করো ।

বিভাগ - গ

যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও - ২x৮

১৭) বাংলা নাট্যধারায় মনোজ মিত্রের কৃতিত্ব পর্যালোচনা করো ।

১৮)'বুড় শালিকের ঘাড়ে রোঁ' প্রহসনে ভক্তপ্রসাদ চরিত্রটি অবলম্বনে নাট্যকারের সমাজভাবনার যে পরিচয় মেলে তা পর্যালোচনা করো ।

১৯) 'জনা' নাটকে সংগীত ব্যবহারের উপযোগিতা বিচার করো ।

২০) 'নবান্ন' নাটকটি দুর্গতি ও প্রতিরোধের নাটক - আলোচনা করো ।



..............................

Scanned with CamScanner